অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

মোকামঃ জজ অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

## অর্থজারী মোকদ্দমা নং-১০৮১/২০২৪

**সোনালী ব্যাংক পিএলসি,** যাহা ১৯৯৪ইং সালের কোম্পানী আইনে রেজিষ্ট্রীকৃত একটি ব্যাংকিং প্রতিষ্ঠান (যাহা পূর্বে বাংলাদেশ ব্যাংক রাষ্ট্রীয়করণ আদেশ ২৬/১৯৭২ এর প্রেক্ষিতে প্রতিষ্ঠিত হইয়াছিল)। যাহার প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক ভবন, ৩৫-৪২-৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। উহার বিভিন্ন শাখার মধ্যে **ইহার একটি শাখা, উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা, ঢাকা** নামে পরিচালিত।

-------------ডিক্রীদার।

বনাম

(১) **মোঃ তালহা শাহরিয়ার,**
পিতা-হাবিব মোঃ সামছুজ্জামান,
মাতা-শরিফা জামান, মালিক-'মেসার্স শাহরিয়ার এন্টারপ্রাইজ' ব্যবসায়িক ঠিকানা-বাসা নং-৩০, বামনারটেক রোড নং-১, ব্লক-ডি, ওয়ার্ড নং-০৬, ডাকঘর-নিশাতনগর, থানা-তুরাগ, জেলা-ঢাকা-১২৩০ এবং স্থায়ী ঠিকানা-গ্রাম-কেরাণীপাড়া, ডাকঘর ও থানা- কোতয়ালী, জেলা-রংপুর।

(২) **শরিফা জামান,**
(জন্ম তারিখ-০২-০৪-১৯৬৯ইং)
জাতীয় পরিচয় পত্র নং-১৪৬ ৯০১ ৮৯৯৬,
স্বামী-হাবিব মোঃ সামসুজ্জামান, পিতা-মৃত ফজলুল করিম প্রধান, মাতা-মৃত খোদেজা খাতুন, জামিনদার-'মেসার্স শাহরিয়ার এন্টারপ্রাইজ' স্থায়ী ঠিকানা-গ্রাম-কেরাণীপাড়া, ডাকঘর ও থানা-কোতয়ালী, জেলা-রংপুর এবং বর্তমান ঠিকানা-বাড়ী নং-৩০, রোড নং-০১, ব্লক-ডি, ওয়ার্ড নং-০৬, বামনারটেক, ডাকঘর-নিশাতনগর, থানা-তুরাগ, জেলা-ঢাকা-১২৩০।

(৩) **শাহিনুর আকতার,**
(জন্ম তারিখ-১৮-০৬-১৯৮৫ইং)
জাতীয় পরিচয় পত্র নং-২৬১৯৩৫১৯৬৭৮৫১,
স্বামী-মোঃ তানাহা শাহরিয়ার, মাতা- মোসাঃ হাফিজা বেগম, জামিনদার-'মেসার্স শাহরিয়ার এন্টারপ্রাইজ' বর্তমান ঠিকানা-বাড়ী নং-৩০, রোড নং-০১, ব্লক-ডি, ওয়ার্ড নং-০৬, বামনারটেক, ডাকঘর-নিশাতনগর, থানা-তুরাগ, জেলা-ঢাকা-১২৩০।

............ দায়িকগণ।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ৩০/০৯/২০২৪ ইং তারিখ পর্যন্ত **১৩,০৯,৭৬৬.০০ (তেরো লক্ষ নয় হাজার সাতশত ছেষট্টি) টাকা** আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তি সহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। **আগামী** ২৭/৮/২৫ **ইং তারিখে** বেলা ০২:০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

## নিলামের শর্তাবলী

১। আগামী ২৭/৮/২৫ ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ **জজ অর্থঋণ আদালত-১,** ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২৭/৮/২৫ ইং তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা

হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

## স্থাবর সম্পত্তির তফসিল

## সম্পত্তির বর্ণনা

জেলা-ঢাকা, থানা ও উপজেলা-সাবেক উত্তরা, হালে তুরাগ ও সাব-রেজিস্ট্রি অফিস-উত্তরা অধীন, জে.এল নং- সি.এস-২০৪, এস.এ, আর.এস. ও ঢাকা সিটি জরিপ-০৬, মৌজা-কামারপাড়া, খতিয়ান নং-সি.এস-৩৪, এস.এ-৫৯, আর.এস-২০, ঢাকা সিটি জরিপ-২২৫, ঢাকা সিটি জরীপ নামজারী খতিয়ান নং-১৮৮৪, জোত নং-১৩২/৩, দাগ নং-সি.এস. ও এস.এ-১২৭, আর.এস- ১৬৭, ঢাকা সিটি জরিপ-২১৫৩, জমির পরিমাণ-০৫০০ (পাঁচশত) অযুতাংশ বা ০৫ (পাঁচ) শতাংশ মাত্র। তদস্থিত নির্মিত নির্মিতব্য যাহা কিছু আছে। যাহার চৌহদ্দিঃ- উত্তরে-শাহ আলম খানের বিক্রিত জমি, দক্ষিণে-বছির উদ্দিন, পূর্বে-সুলতান মিয়া ও পশ্চিমে-হাছেন আলী গং।

আদালতের আদেশ ক্রমে

সেরেস্তাদার
অর্থঋণ আদালত-১, ঢাকা।